



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১)-৪৯৮

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা: মোঃ আফতাব হোসেন, গ্রাম: সি.ও.অফিস রোড, ডাকঘর: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া, দুপচাঁচিয়া পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে হাইকোর্ট বিভাগের আদেশ জালিয়াতির জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা ১৪/২৩ (স্পেশাল), জিআর নম্বর ২৬৭/২০১৮ (দুপ:) (৯৭/২১ নাশকতা এসটি) এবং জিআর নম্বর ১৫৯/২০১৭ (দুপ:) (০১/২০ সন্ত্রাস) মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং স্পেশাল ১৪/২৩০৭ নং মামলায় ০৭ মার্চ ২০২৪ খ্রি: তারিখে জেল হাজতে প্রেরণ করা হয়েছে;

যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত উল্লিখিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ (১) (খ) অনুযায়ী তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে; এবং


যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী কোন পৌরসভার মেয়র এর বিরুদ্ধে অপসারণের কার্যক্রম শুরু করা হলে অথবা ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে মর্মে বিধান রয়েছে; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় 'পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অপরাধে' জড়িত থাকার দায়ে তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায়, তাঁর কর্তৃক দুপচাঁচিয়া পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ করা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে,

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা: মোঃ আফতাব হোসেন, গ্রাম: সি.ও.অফিস রোড, ডাকঘর: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া-কে দুপচাঁচিয়া পৌরসভার মেয়র এর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৮/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২


ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১)-৪৯৮/১(১০)

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, বগুড়া
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্যানেল মেয়র-১, দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা: মোঃ আফতাব হোসেন, গ্রাম: সি.ও.অফিস রোড, ডাকঘর: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া (সাময়িক বরখাস্তকৃত মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা)


২৮/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব